

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ
পঞ্চায়েত শাখা, জেশপ বিল্ডিং
৬৩, নেতাজী সুভাষ রোড, কলকাতা-১.

আদেশনামা

নং- ৪৯৯২ পি এন । ও । এক। ৩সি- ৭। ১০৩.

তাং- ১০.০৮.০৫.

সংশোধন-উত্তর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর ১১৫-ক ধারার (২) উপধারা অনুযায়ী প্রতি বৎসর জুন-জুলাই মাসে ব্লক সংসদের বাৎসরিক অধিবেশন অনুষ্ঠিত করা অবশ্য কর্তব্য ।

অনিবার্য কারণবশতঃ নির্দিষ্ট সময়ের মধ্যে ঐ সভানুষ্ঠান করা সম্ভব হয়নি ।

এমতাবস্থায়, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ এর ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপাল এতদ্বারা এই রাজ্যের ব্লক সংসদগুলির ২০০৫ সালের অনুষ্ঠিতব্য বাৎসরিক সভা অনুষ্ঠানের জন্য সন্তোষ সহকারে নির্দেশ জারি করছেন যে রাজ্যের সকল পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত ব্লক সংসদগুলির বাৎসরিক অধিবেশন আগামী ৩১ শে আগস্ট, ২০০৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে ।

রাজ্যপালের আদেশানুসারে,

মানবেন্দ্রনাথ রায় ।

সচিব, পশ্চিমবঙ্গ সরকার ।

নং ৪৯৯২।১(৫০০) পি এন । ও । এক। ৩সি-৭। ১০৩..

তারিখ - ১০.০৮.০৫.

অনুলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল ।

- ১। মহাধ্যক্ষ, -----পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ ।
 - ২। অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা ।
 - ৩। যুগ্মসচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন ।
 - ৪। কমিশনার -----বিভাগ ।
 - ৫। সভাধিপতি -----জেলাপরিষদ ।
 - ৬। জেলাশাসক -----জেলা ।
 - ৭। অতিরিক্ত নির্বাহী আধিকারিক ----- জেলা.পরিষদ ।
 - ৮। জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক ----- জেলা ।
 - ৯। মহকুমা শাসক -----মহকুমা ।
 - ১০। ব্লক উন্নয়ন আধিকারিক -----ব্লক ।
- গ্রাম পঞ্চায়েত প্রধানদের অবিলম্বে জানানোর জন্য অনুরোধ করা হল ।
- ১১। একান্ত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন ।

বিশেষ ভারপ্রাপ্ত আধিকারিক ও পদাধিকারবলে

উপসচিব, পশ্চিমবঙ্গ সরকার ।